গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/২১-২২/২০২৪/২৪০ তারিখ: ২৫ নভেম্বর ২০২৪

# ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারি টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

| | |
|---|---|
| অনলাইলে আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: | ২৫/১১/২০২৪ হতে ১১/১২/২০২৪ পর্যন্ত |
| সংশ্লিষ্ট বিভাগে আবেদন ফরম ও ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের তারিখ: | ২৬/১১/২০২৪ হতে ১২/১২/২০২৪ পর্যন্ত |

১। দিনাজপুর সরকারি কলেজে নিন্মোক্ত বিষয়সমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের আবেদন গ্রহণ করা হবে এবং এতদসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলি উক্ত বিভাগসমূহ থেকে জানা যাবে।

| | | | | |
|---|---|---|---|---|
| ১. বাংলা | ২. ইংরেজি | ৩. অর্থনীতি | ৪. দর্শন | ৫. সমাজবিজ্ঞান |
| ৬. ইতিহাস | ৭. রাষ্ট্রবিজ্ঞান | ৮. হিসাববিজ্ঞান | ৯. ব্যবস্থাপনা | - |

২। **আবেদনের যোগ্যতা:**

(ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে। এছাড়া প্রার্থীর প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয় স্নাতক (পাস) পর্যায়ে ন্যূনতম ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০ পেতে হবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৭ থেকে ২০২১ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগামে আবেদন করতে পারবে না। তবে এ সকল প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের সুযোগ পাবে।

(গ) জাতীয় বিশ্ববিদ্যালয় অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত সার্টিফিকেট কোর্স পরীক্ষায় (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত প্রার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে।

(ঘ) উল্লেখ্য যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স প্রোগ্রামের জন্য প্রণীত নতুন সিলেবাস অনুযায়ী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের পরীক্ষা গ্রহণ করা হবে।

(ঙ) প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের মেয়াদ হবে বিরতিহীনভাবে ৩ (তিন) শিক্ষাবর্ষ।

(চ) আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে কারাবন্দীগণও আবেদন করতে পারবে।

(ছ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রায়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।

৩। **অনলাইন আবেদনের নিয়মাবলী:**

(ক) প্রতিটি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অধিভুক্ত একটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) প্রার্থী আবেদন করতে পারবে।

(খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Masters Tab-এ গিয়ে Apply Now (Masters Preli. Private) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর ও পাসের সন ও ০১টি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

চলমান পাতা-০২

(গ) আবেদনকারীকের তথ্য ছকের নির্ধারিত স্থানে সঠিক Gender (Male/Female) এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, ইচ্ছাকৃত অথবা Gender ত্রুটির কারণে কোন পুরুষ আবেদনকারী মহিলা কলেজে আবেদন করলে ঐ আবেদনকারীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(ঘ) আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজি: বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(চ) আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যে কোন কলেজের নাম Select করলে সংশ্লিষ্ট কলেজে প্রার্থীর ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে এবং উক্ত তালিকা থেকে সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দ নির্ধারণ করবে।

(ছ) আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ 120X150 pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে। প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

(জ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীকে স্নাতক (পাস) পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সম্পর্কিত প্রার্থীর অঙ্গীকারনামার সত্যায়িত কপিসহ আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও রেজিস্ট্রেশন ফি বাবদ ৮০০/- (আটশত) টাকাসহ সংশ্লিষ্ট কলেজ কর্তৃক নির্ধারিত অন্যান্য ফি নির্দিষ্ট সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। বিভাগ প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে।

(ঝ) পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন: আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে Applicant Login (Masters Preli. Private) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে Form Cancel/Photo Change Option এ গিয়ে Click to Generate the Security key অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে। এ লক্ষ্যে আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সতর্কতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে হবে। তবে কলেজ কতৃর্ক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। প্রার্থী ছবি পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে।

**৪। আবেদনের সময়সূচি:**

| ক্র: নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | অনলাইন আবেদন ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহ করার তারিখ: | ২৫/১১/২০২৪ থেকে ১১/১২/২০২৪ |
| (খ) | সংশ্লিষ্ট বিভাগে আবেদন ফরম ও ফিসহ প্রয়োজনীয় কাগজপত্র জমাদানের তারিখ: | ২৬/১১/২০২৪ থেকে ১২/১২/২০২৪ |
| (গ) | বিভাগ কর্তৃক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়নের তারিখ: | ২৬/১১/২০২৪ থেকে ১৫/১২/২০২৪ |
| (ঘ) | রেজিস্ট্রেশন নিশ্চয়নকৃত প্রিন্ট বিবরণী (০২ সেট) কমিটির নিকট জমাদানের তারিখ | ১৭/১২/২০২৪ |

৫। বিষয় নির্বাচন:

(ক) বিষয় নির্বাচনের ক্ষেত্রে অবশ্যই স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় পঠিত বিষয় থেকে শর্তপূরণ সাপেক্ষে বিষয় নির্বাচন করতে হবে।

(খ) স্নাতক (পাস) কোর্সে পঠিত ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসেবে ইতিহাস এবং ইতিহাস বিষয়ের সমগোত্রীয় বিষয় হিসাবে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়টি গণ্য করা যাবে।

(ঘ) ন্যূনতম ৪০০ নম্বরের বাংলা ও ইংরেজি ব্যতীত আবশ্যিক বাংলা ও ইংরেজি বিষয় নিয়ে সরাসরি প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করা যাবে না।

৬। পূরণকৃত আবেদন ফরমের প্রিন্টকপির সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

(ক) এস এস সি/সমমান, এইচএসসি/সমমান পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি।

(খ) স্নাতক (পাস)/সার্টিফিকেট কোর্স পরীক্ষা পাশের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি।

(গ) স্নাতক (পাস)/ সার্টিফিকেট কোর্স পরীক্ষা কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

(ঘ) প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে "শিক্ষা ছুটি দেয়া হবে" মর্মে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র।

৭। ফি জমাদান:

(ক) আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ফরমসহ সংশ্লিষ্ট বিভাগ হতে ফি জমাদানের রসিদ সংগ্রহ করে পূরণপূর্বক সাউথইস্ট ব্যাংকের কলেজ বুথে ফি জমা দিয়ে জমাদানের রসিদের কপিসহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফরম সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

(খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের রসিদ ছাড়া ভর্তি সম্পন্ন হবে না। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি ফরম ও কলেজের ফি পরিশোধের রসিদ ফরম নিজ নিজ বিভাগে নিদিষ্ট সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে ফরমসমূহ জমাদানে ব্যর্থ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৮। (ক) ভর্তি ফি এর পরিমাণ:

| বিভাগের নাম/বিভাগ সহকারীর মোবাইল নম্বর | টাকার পরিমাণ |
|---|---|
| বাংলা (০১৭১৮৬৭৫৫৩২), ইংরেজি (০১৭১৯৭৪৯৯৮৪), অর্থনীতি (০১৭৭৩৭২৩৫৭১), দর্শন (০১৭৯৮৯২৮২৮৮), ইতিহাস (০১৭২১০১২১১৬), সমাজবিজ্ঞান (০১৭১০০৪৬৮৭৮), রাষ্ট্রবিজ্ঞান (০১৭৩৭৯১০৪২৮), হিসাববিজ্ঞান (০১৭১৬৫১০৪৭১) ও ব্যবস্থাপনা (০১৭২৩৩০৮৬২৮) | ১৮৮০/- |

(খ) আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীকে আবেদন ফি জমাদানের প্রমাণপত্র সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে।

(গ) ফরম জমাদানের সময় সকাল ৯:০০ টা থেকে ২:০০ টা পর্যন্ত।

(ঘ) আবেদনকারী আবেদন বিভাগে জমা দিয়ে, নিশ্চিত না হয়ে ক্যাম্পাস ত্যাগ করতে পারবে না।

বি: দ্র: রেজিস্ট্রেশন নিশ্চয়ন প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় OTP কমিটির সদস্য জনাব মো. সারওয়ার মোর্শেদ, সহকারী অধ্যাপক, বাংলা (মোবাইল নম্বর: ০১৭১৬৫৮৮৫৭৮) এর নিকট হতে বিভাগসমূহকে সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

প্রতিস্বাক্ষর

২৫/০১/২৪

(প্রফেসর এ.কে.এম. আল আব্দুল্লাহ)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

২৫/০১/২৪

(মো. দাইমুল ইসলাম)
আহ্বায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি, রেজিস্ট্রেশন ও পরীক্ষা কমিটি ২০২১-২০২২
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি-

১। উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
২। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, দিনাজপুর সরকারি কলেজ
৩। হিসাব শাখা ও ক্যাশ শাখা, দিনাজপুর সরকারি কলেজ
৪। অফিস নথি